

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৭১৪

১/ বিবিধ

আরবী

ابن آدم أطلع ربك تسمى عالما، ولا تعصه فتسمى جاهلا  
موضوع

أخرجه أبو نعيم في " الحلية " ( 6 / 345 ) والخطيب في " الفوائد الصحاح والغرائب " ( ج 2 رقم الحديث 10 - نسختي ) من طريق علي بن زياد المتوثي: حدثنا عبد العزيز بن أبي رجاء حدثنا مالك عن سهيل عن أبيه عن أبي هريرة وأبي سعيد الخدري قالا: قال رسول الله صلى الله عليه وسلم: فذكره وليس عند أبي نعيم (ابن آدم) . وقال: (عاقلا) مكان: (عالما) ، وقالوا: هو والخطيب، واللفظ لهذا: " حديث غريب جدا من حديث مالك بن أنس، تفرد بروايته عنه عبد العزيز بن أبي رجاء ". قلت: قال الذهبي في " الميزان " قال الدارقطني: متروك. له مصنف موضوع كله ". ثم ساق له هذا الحديث، وقال: " هذا باطل على مالك ". وأقره الحافظ في " اللسان والحديث أورده السيوطي في " الجامع الكبير " ( 1 / 104 / 2 ) من رواية الخطيب في " رواة مالك " دون قوله ابن آدم " ، أي مثل رواية أبي نعيم. وأورده في " الجامع الصغير " من رواية أبي نعيم، بلفظ الترجمة المخالفة للتي ذكرتها أنفا وتعقبه المناوي بعدما نقل كلام الذهبي بقوله: " وقد اقتصر المؤلف على الرمز لتضعيفه، وكان الأولى حذفه ". ثم تردد المناوي في هذا الحكم فقال في " التيسير ": " وهو ضعيف بل قيل: موضوع

## বাংলা

১৭১৪। হে আদম সন্তান! তোমার প্রতিপালকের আনুগত্য কর তোমার নামকরণ করা হবে আলেম। আর তুমি তার নাফারমানী করো না, কারণ এর ফলে তোমার নামকরণ করা হবে জাহেল (অজ্ঞ)।

হাদীসটি বানোয়াট।

হাদীসটিকে আবু নুয়াইম "আলহিলইয়াহ" গ্রন্থে (৬/৩৪৫) ও খাতীব বাগদাদী "আলফাওয়াইদুস সিহসাহ অলগারাইব" গ্রন্থে (খণ্ড ২ নং ১০) আলী ইবনু যিয়াদ মাতুঈ সূত্রে আব্দুল আযীয ইবনু আবী রাজা হতে, তিনি মালেক হতে, তিনি সুহায়েল হতে, তিনি তার পিতা হতে, তিনি আবু হুরাইরাহ (রাঃ) ও আবু সাঈদ খুদরী (রাঃ) হতে বর্ণনা করেন। তারা বলেনঃ রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ ...।

তবে আবু নুয়াইমের নিকট আদম সন্তান কথাটি নেই, আর তিনি "আলেমান" শব্দের স্থলে "আকেলান" উল্লেখ করেছেন। আর তিনি ও খাতীব বলেছেনঃ মালেক ইবনু আনাস (রাঃ)-এর হাদীস হতে হাদীসটি খুবই গারীব। তার থেকে এটিকে আব্দুল আযীয ইবনু আবী রাজা এককভাবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ হাফিয যাহাবী "আলমীযান" গ্রন্থে বলেনঃ দারাকুতনী বলেনঃ তিনি মাতরুক। আর তার একটি গ্রন্থ রয়েছে যার সবই বানোয়াট।

অতঃপর তিনি তার এ হাদীসটি উল্লেখ করে বলেছেনঃ এটি মালেকের উদ্ধৃতিতে বাতিল। আর হাফিয ইবনু হাজার তা স্বীকার করেছেন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72597>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন